গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং- ৩৪.০০.০০০০.০৪১.২৬.০০২.১৫.৩০

তারিখ ঃ ২৪-০৯-১৪২৪ বঙ্গাব্দ
০৭-০১-২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয় ঃ ডিসেম্বর/২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

২৬-১২-২০১৭ তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ডিসেম্বর/২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী এসংগে প্রেরণ করা হলো। কার্যবিবরণীতে কোন সংযোজন/বিয়োজন থাকলে কার্যবিবরণী পাওয়ার ৩ কর্মদিবসের মধ্যে লিখিতভাবে জানাতে অনুরোধ করা হলো।

০২। সমন্বয় সভায় গৃহীত তাঁর অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা/শাখার সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং অনিস্পন্ন বিষয়সমূহের তালিকা পরবর্তী সমন্বয় সভায় আলোচনার নিমিত্ত আগামী ১৪-০১-২০১৮ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

(হোসনা আফরোজা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫০৫

বিতরণ ঃ কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, বিকেএসপি, ঢাকা।
৩। যুগ্ম-সচিব(সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৪। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৫। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৬। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৭। উপ-সচিব (সকল), উপ-প্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৯। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
১১। মাননীয় উপ-মন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১২। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান.........................., সহকারী প্রধান/ সহকারী সচিব........................................., যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৩। সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা(ওয়েব সাইটে আপলোড ও ই-মেইল এ প্রেরণের অনুরোধসহ)
১৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ডিসেম্বর/২০১৭ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: আসাদুল ইসলাম<br>সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা। |
| তারিখ | : | ২৬ ডিসেম্বর, ২০১৭ |
| সময় | : | বেলা ১১:০০ টা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)। |

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সন্নিবেশিত হলো।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনার পর বিষয়ভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| (১) গত ৩০-১১-২০১৭ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ। | গত ৩০-১১-২০১৭ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংযোজন বিয়োজন আছে কিনা সে বিষয়ে আলোচনা করা হয়। | কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | |
| **(২) জাতীয় যুব নীতি , ২০১৭ বাস্তবায়ন** | (ক) জাতীয় যুবনীতি, ২০১৭ বাস্তবায়নের নিমিত্ত Action Plan তৈরীর জন্য TAPP অনুমোদিত হয়েছে এবং প্রশাসনিক আদেশ জারী করা হয়েছে। TAPP বাস্তবায়নের জন্য পরিচালক নিয়োগ করা হয়েছে।<br><br>(খ) জাতীয় যুবনীতি ২০১৭ বাস্তবায়নের জন্য ১২টি মন্ত্রণালয়ের প্রতিনিধি, সুশীল সমাজের ২জন প্রতিনিধিসহ CRI এবং BYLC এর প্রতিনিধিদের নিয়ে স্টিয়ারিং কমিটি গঠনপূর্বক ০৫/১১/২০১৭ তারিখে অফিস আদেশ জারী করা হয়েছে। আগামী ১৭ জানুয়ারি ২০১৮ স্টিয়ারিং কমিটির সভা আহবান করা হয়েছে। সভাপতি স্টিয়ারিং কমিটির সভার জন্য বিস্তারিত লিপিবদ্ধপূর্বক একটি স্বয়ংসম্পূর্ণ কার্যপত্র প্রস্তুতের জন্য পরামর্শ দেন। | (ক) যথাযথভাবে TAPP বাস্তবায়ন করতে হবে।<br><br>(খ) স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | **যুব উন্নয়ন অধিদপ্তর ও যুব-১ শাখা** |
| **(৩) পদসৃষ্টি/ আপগ্রেডেশন ও পদ স্থায়ীকরণ।** | **(ক) যুব উন্নয়ন অধিদপ্তর :** | | |
| | (১) শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের রাজস্বখাতে স্থানান্তরিত ৭টি পদের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ১ জন উপসচিবকে শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রে পরিচালক হিসেবে প্রেষণে পদায়ন করা হয়েছে। কিন্তু অদ্যাবধি উক্ত কর্মকর্তা যোগদান ডাক্তার পদে এখনও কোন কর্মকর্তাকে পদায়ন করা হয়নি। এ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন যে সকল দপ্তর/সংস্থায় প্রেষণে নিয়োগযোগ্য পদ শূন্য রয়েছে তা পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণের জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন। | (ক) দপ্তর/সংস্থায় প্রেষণযোগ্য শূন্য পদ পূরণে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। ডাক্তার পদায়নের জন্য স্বাস্থ্য সেবা বিভাগে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | |
| | (২) ৫টি প্রকল্প ১ জুলাই ১৯৯৭ এর পরে শুরু হয়েছে বিধায় প্রকল্পের ১৪৭৪ জন জনবল স্বয়ংক্রিয়ভাবে রাজস্বখাতে স্থানান্তরে জটিলতা রয়েছে। প্রকল্পসমূহের জনবল রাজস্বখাতে স্থানান্তর না করলে যুব প্রশিক্ষণ কার্যক্রমের উপর কি ধরণের নেতিবাচক প্রভাব পড়বে এবং যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালিত মোট যুব প্রশিক্ষণের শতকরা কত ভাগ সমাপ্ত উন্নয়ন প্রকল্পের জনবল দ্বারা পরিচালিত হয় তা উল্লেখপূর্বক সার-সংক্ষেপ তৈরী করা হয়েছে। | (খ) মাননীয় প্রতিমন্ত্রীর সাথে আলোচনাপূর্বক খুব শীঘ্রই সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরে প্রেরণ করতে হবে। | **যুব উন্নয়ন অধিদপ্তর/ যুব-২ শাখা** |
| | **(খ) জাতীয় ক্রীড়া পরিষদ:** | | |
| | মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের রায়ের প্রেক্ষিতে, জাতীয় ক্রীড়া পরিষদের ২৯টি পদ রাজস্বখাতে স্থানান্তরের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয় হতে কিছু তথ্য চেয়ে গত ১৭/০৮/২০১৭ তারিখে পত্র পাওয়া গেছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক তথ্যাদি প্রেরণের জন্য ২৮-০৮-২০১৭ তারিখে জাতীয় ক্রীড়া পরিষদে পত্র প্রেরণ করা হয়েছে। তথ্যাদি প্রেরণের জন্য ২১-১০-২০১৭ তারিখে পুনরায় জাতীয় ক্রীড়া পরিষদ বরাবর তাগিদ পত্র প্রদান করা হয়েছে। জাতীয় ক্রীড়া পরিষদ হতে তথ্য পাওয়া যায়নি। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের যাচিত তথ্যাদি দুত প্রেরণ করতে হবে। | জাতীয় ক্রীড়া পরিষদ ও ক্রীড়া-১ শাখা |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | **(গ) বিকেএসপিঃ বিকেএসপির জন্য রাজস্বখাতে পদ সৃজন প্রসঙ্গে-**<br>বিকেএসপির প্রস্তাব মোতাবেক বিভিন্ন ক্যাটাগরির ৭৩৮টি পদ সৃজনের প্রস্তাব ২৮/১১/২০১৭ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | বিকেএসপি/ ক্রীড়া-২ শাখা |
| **(৪) শূন্য পদ পূরণ বিষয়ক অগ্রগতি:** | | | |
| | **ক্রীড়া পরিদপ্তরঃ** (ক) **শূন্য পদে জনবল নিয়োগ:** জেলা ক্রীড়া অফিসার এর ২৮টি পদ এবং প্রভাষক এর ২৮টি পদ পূরণের লক্ষ্যে ২৮/০৯/২০১৭ তারিখে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।<br>(খ) **নিয়োগ বিধি সংশোধন প্রস্তাবঃ** ক্রীড়া পরিদপ্তর এবং শারীরিক শিক্ষা কলেজ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬ সংশোধন চূড়ান্ত করা হয়েছে। | (ক) পিএসসির সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>(খ) সংশোধিত নিয়োগবিধি দ্রুত জনপ্রশাসন মন্ত্রণালয় এ পাঠাতে হবে। | **ক্রীড়া পরিদপ্তর/ ক্রীড়া-২ অধিশাখা** |
| **(৫) গুরুত্বপূর্ণ পেন্ডিং বিষয়:** | | | |
| **(ক) বিভাগীয় মামলা** | **যুব উন্নয়ন অধিদপ্তর:** নভেম্বর, ২০১৭ মাসের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণিসহ মোট ৯টি মামলা নিষ্পন্ন হয়েছে এবং ৪টি মামলা নতুন দায়ের হয়েছে। বর্তমানে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির অনিষ্পন্ন মামলার সংখ্যা ২৩টি। মহামান্য সুপ্রীম কোর্টে চলমান মামলাসমূহের তথ্য পাওয়া যায়নি। | মহামান্য সুপ্রীম কোর্টে দায়েরকৃত মামলার বিস্তারিত তথ্য পরবর্তী সভার পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | **সকল দপ্তর/সংস্থা** |
| **(খ) অনিষ্পন্ন পেনশন কেস:** | | | |
| | **মন্ত্রণালয়:** মরহুম মো: সেলিম মিয়া এর স্ত্রী চাহেনারা বেগম গত ২০-০৮-২০১৭ তারিখে সংশোধিতভাবে পেনশন এর জন্য নির্ধারিত ফরমে আবেদন করেছেন। তবে জনাব মো: সেলিম মিয়া গৃহ নির্মাণ অগ্রিম নিয়েছিলেন যা পরিশোধ করা হয়নি। বর্তমানে আবেদনটি উপস্থাপনায় রয়েছে।<br>(২) জনাব মো: আবুল কাশেম ভূঁইয়া, ব্যক্তিগত কর্মকর্তার ১০-০৬-২০০৯ তারিখে ৮০% আনুতোষিক ভাতা মঞ্জুরী আদেশ জারী করা হয়েছে এবং জনাব মো: কমর উদ্দিন, ব্যক্তিগত কর্মকর্তার ২২-০১-২০০৯ তারিখে ৮০% আনুতোষিক ভাতা মঞ্জুরী আদেশ জারী করা হয়েছে। তাদের দখলকৃত বাসা জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিকট হস্তান্তর না করায় এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের না-দাবী নামা না পাওয়ায় অবশিষ্ট ২০% অর্থ পরিশোধের মাধ্যমে পেনশন কেইস নিষ্পত্তি করা যাচ্ছে না। বিষয়টি নিষ্পত্তি করার জন্য গণপূর্ত মন্ত্রণালয় ও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। | (১) পেনশন কেইসটি দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>(২) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সাথে যোগাযোগপূর্বক দ্রুত পেনশন কেস নিষ্পত্তি করতে হবে। | প্রশাসন-১ শাখা |
| | **বিকেএসপিঃ** বিকেএসপিতে পেনশন প্রথা চালুকরণের জন্য যে সকল স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সরকারিভাবে পেনশন দেয়া হয় সেগুলির উদাহরণ দিয়ে অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। এক্ষেত্রে সরকারিভাবে ৮০% এবং ২০% প্রতিষ্ঠান হতে দেয়ার বিষয়েও আলোচনা হয়। | বিকেএসপিতে পেনশন প্রথা চালুর জন্য পুন:প্রস্তাব প্রেরণ করতে হবে। | ক্রীড়া-২ শাখা ও বিকেএসপি |

| (৬) সমীক্ষা/ অডিট আপত্তি | | | (অংকসমূহ হাজার টাকায়) | | | | | | | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | পূর্ববর্তী মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত অনিষ্পন্ন আপত্তির সংখ্যা | জড়িত টাকা | নতুন আপত্তির সংখ্যা | জড়িত টাকা | নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা | ক্রমপুঞ্জিত অনিষ্পন্ন আপত্তির জের | জড়িত টাকা | সমাপ্ত উন্নয়ন প্রকল্পের অডিট আপত্তি নিষ্পত্তির জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং অডিট অধিদপ্তরে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। |
| | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় : | মন্ত্রণালয় (৬২৮২) হাজার টাকা | ২৭ | ৬২০০ | - | - | - | ২৯টি | ৫০৩৭১৪ | |
| | | সমাপ্ত উন্নয়ন-(৪৯৩৪৩২) হাজার টাকা | ২ | ৪৯৭৫১৪ | | | | | | |
| | যুব উন্নয়ন অধিদপ্তর : | অগ্রিম অনুচ্ছেদ-১৯টি | ৮০ | ১৬,২১,৩২ | - | - | - | ৮০ | ১৬,২১,৩২ | |
| | | সাধারণ-৭৭টি | | | | | | | | সকল দপ্তর/ সংস্থা এবং বাজেট শাখা যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। |
| | ক্রীড়া পরিদপ্তর: | | ২২ | ৪,৮৯,৮৪ | - | - | - | ২২ | ৪,৮৯,৮৪ | |
| | বিকেএসপি : | অগ্রিম-১৩টি | ৩৪ | ১৪,৩৬৪ | - | - | - | ৩৪ | ১৪,৩৬৪ | |
| | | সাধারণ-২১টি | | | | | | | | |
| | জাতীয় ক্রীড়া পরিষদ: | | ৫২৪ | ৩,৯২,৪৯ | - | - | - | ৫২৪ | ৩,৯২,৪৯ | |
| মোট= | | | ৬৮৯ | ৭৬৮৮৮৮ | - | - | - | ৬৮৯ | ৭৬,৮২৪৫ | |

<u>বর্তমান অবস্থা:</u> যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অডিট আপত্তি নিষ্পত্তির জন্য দ্বিপক্ষীয় ও বিকেএসপির অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রিপক্ষীয় সভা করার নিমিত্ত সিভিল অডিট অধিদপ্তরে সময় চেয়ে পত্র দেয়া হয়েছে। এখনও সময় পাওয়া যায়নি।

## চলমান কার্যক্রমের পর্যালোচনা (সংস্থাভিত্তিক) :

| | | | |
|---|---|---|---|
| (৭) যুব উন্নয়ন অধিদপ্তর : প্রশিক্ষণ, ঋণ ও ন্যাশনাল সার্ভিস | ২০১৭-২০১৮ অর্থ বছরে ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্বে অবশিষ্ট ৪২২টি উপজেলা হতে দারিদ্রের আধিক্য অনুযায়ী সবচেয়ে দারিদ্র্য (উচ্চ থেকে নিম্ন ১৪টি জেলার ২০টি উপজেলায় এ কর্মসূচি বাস্তবায়নের জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ৫ম পর্বে প্রশিক্ষণ থেকে বাদপড়া গাইবান্ধার সাঘাটা উপজেলার প্রশিক্ষণার্থী বাছাই চূড়ান্ত হওয়ায় প্রশিক্ষণ শুরু হয়েছে। ৬ষ্ঠ ও ৭ম পর্বে ১৩ টি জেলার ২০ টি উপজেলার মধ্যে ০৩ ডিসেম্বর ২০১৭ হতে ৬ষ্ঠ পর্বে ১৪ টি উপজেলায় ও ৭ম পর্বে ১৮ টি উপজেলায় প্রশিক্ষণ শুরু হয়েছে। অবশিষ্ট উপজেলাসমূহে অধিকতর বাছাই চলছে। ন্যাশনাল সার্ভিস কর্মসূচি সরকারের রাজস্ব বাজেটভূক্ত একটি অগ্রাধিকার কর্মসূচি বিধায় সভাপতি এ কর্মসূচির **সঠিক তথ্য** ব্যবস্থাপনার উপর গুরু**ত্বারোপ করেন** এবং প্রশিক্ষণের গুণগত মান নিশ্চিত করার জন্য পরামর্শ প্রদান করেন। | প্রশিক্ষণের গুণগত মান নিশ্চিত করতে হবে। | যুব উন্নয়ন অধিদপ্তর/ যুব-২ অধিশাখা |
| (৮) বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন: | বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন এর সচিব সভাকে অবহিত করেন যে CSR খাত হতে এ পর্যন্ত ৬০,০০,০০০/- (ষাট লক্ষ) টাকা সংগ্রহ করা হয়েছে এবং CSR খাত হতে অর্থ সংগ্রহের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।<br><br>(খ) <u>২০১৭-২০১৮ অর্থ বছরে ক্রীড়াসেবীদের অনুদান বিতরণ:</u> ২০১৭-২০১৮ অর্থ বছরে ক্রীড়াসেবীদের অনুদান প্রদানে অনলাইন পদ্ধতি প্রবর্তনের বিষয় প্রক্রিয়াধীন। খুব শীঘ্রই এটি শুরু করা যাবে। | (ক) CSR খাত হতে অর্থ সংগ্রহের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br><br>(খ) ২০১৭-২০১৮ অর্থ বছরে ক্রীড়াসেবীদের অনুদান যথাসময়ে অনলাইনে প্রদান করতে হবে। | বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন |

বিবিধঃ

| | | | |
|---|---|---|---|
| (ক) তথ্য অধিকার আইন সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন | তথ্য অধিকার আইন মোতাবেক প্রাপ্ত আবেদন নিষ্পত্তি করা হচ্ছে। তথ্য অধিকার আইন মোতাবেক বিবেচ্য সময়ে কোন আবেদন পাওয়া যায়নি। | কোন নাগরিক তথ্য চেয়ে আবেদন করেছেন কিনা তা নিয়মিত তদারকি করতে হবে। | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |
| (খ) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন | (১) National Sports Council (Amendment) Ordinance-1976 এবং National Sports Control Board(Amendment) Ordinance-1978 লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের পরামর্শ মোতাবেক জাতীয় ক্রীড়া পরিষদ আইন ' ২০১৭ পুনর্গঠন করে পুনরায় ২০-১১-২০১৭ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। খুব শীঘ্রই ভেটিং করবেন মর্মে জানা গেছে। | (১) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা এবং জাতীয় ক্রীড়া পরিষদের আইন কর্মকর্তা লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে নিয়মিত যোগাযোগ করবেন। | ক্রীড়া-১/ জাতীয় ক্রীড়া পরিষদ |
| | (২) মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা মোতাবেক বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান আইন, ২০১৭ সকল কাগজপত্রাদিসহ ১৫ সেট ২১/১২/২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | (২) মন্ত্রিপরিষদ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ক্রীড়া-২/ বিকেএসপি |
| | (৩) <u>ই-টেন্ডারিং</u> :- জাতীয় ক্রীড়া পরিষদে ই-টেন্ডারে ৮টি প্যাকেজের মূল্যায়ন চলছে। বিকেএসপিতে e-GP System এ ৩১টি ক্রয় আদেশ হয়েছে। যুব উন্নয়ন অধিদপ্তরে e-GP System এ ১টি বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। | (৩) প্রতিমাসে e-GP বাস্তবায়নের বিষয়টি দপ্তর অনুযায়ী পরিসংখ্যানসহ উপস্থাপন করতে হবে। | |
| (গ) মন্ত্রণালয় এবং সকল দপ্তর /সংস্থায় ইনোভেশন সম্পর্কিত কার্যক্রম ও ইউনিকোড ব্যবহার | সরকারী সেবা নাগরিক বান্ধব করার জন্য মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার সকল সেবা ইনোভেশনের মাধ্যমে সহজীকরণ করার বিষয়ে আলোচনা হয়। | প্রত্যেক কর্মকর্তা কর্তৃক প্রদেয় সেবা ইনোভেশনের মাধ্যমে সহজীকরণ করতে হবে। | মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |
| (ঘ) মন্ত্রণালয়/ দপ্তর/ সংস্থাসমূহের কার্যক্রম বিষয়ে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তিকরণ ব্যবস্থা (Grievance Redress System) চালুকরণ। | হার্ডকপিতে এবং অনলাইন সিস্টেমে কোন অভিযোগ পাওয়া যায়নি। | অভিযোগ পাওয়া গেলে দ্রুত নিষ্পত্তি করতে হবে। | সমন্বয় শাখা |

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| (ঙ) জাতীয় ই-সেবা সিস্টেম বাস্তবায়ন | মন্ত্রণালয়ের সকল শাখায় ই-নথিতে কার্যক্রম করা হচ্ছে। যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে সকল শাখায় ই-নথি কার্যক্রম চলমান রয়েছে। যুব উন্নয়ন অধিদপ্তরাধীন ৪০টি জেলার কর্মকর্তা/কর্মচারীদের ই-ফাইল প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে এবং ৪৬টি জেলাকে লাইভ এ আনা হয়েছে। ক্রীড়া পরিদপ্তরে ই-নথিতে দাপ্তরিক কার্যক্রম আগামী জানুয়ারি, ২০১৮ হতে লাইভ সার্ভারে সম্পাদন করা হবে। জাতীয় ক্রীড়া পরিষদে ই-নথি কার্যক্রম লাইভ সার্ভারে চালু আছে। বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনে এটুআই কর্তৃক ই-নথি বাস্তবায়নের প্রশিক্ষণ ও পাসওয়ার্ড প্রদানের পর ই-নথি কার্যক্রম চালু করা হবে। যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ই-নথি কার্যক্রমে ১৩ তম অবস্থানে রয়েছে। যে সকল সংস্থা/দপ্তরে এখনও ই-নথি চালু হয়নি সেগুলোতে দ্রুত ই-নথি চালু করার জন্য সভাপতি নির্দেশ দেন এবং বিষয়টি মন্ত্রণালয়কে মনিটরিং করার জন্য বলেন। | মন্ত্রণালয় ও অধীনস্থ সকল দপ্তর/সংস্থায় ই-নথিতে দাপ্তরিক কার্যক্রম সম্পাদন করতে হবে । এছাড়া মন্ত্রণালয়ের বর্তমান অবস্থার আরও উন্নয়ন করতে হবে। | মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |
| (চ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | যুব উন্নয়ন অধিদপ্তরে গত ১৯-১১-২০১৭ তারিখে মাঠপর্যায়ে কর্মকর্তাদের অংশগ্রহণে ত্রৈমাসিক মূল্যায়ণ সভা অনুষ্ঠিত হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-২০১৮ অনুযায়ী দু:স্থ ক্রীড়াবিদ ভাতা ই-সেবায় রূপান্তরের কার্যক্রম চলমান রয়েছে। আগামী ০১ সপ্তাহের মধ্যে এ সেবাটি অনলাইনে প্রদানের কার্যক্রম শুরু করা যাবে। আগামী ১০ জানুয়ারি ২০১৮ এর মধ্যে বিনষ্টযোগ্য নথির তালিকা করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রণয়নের জন্যও নির্দেশনা দেন। | আগামী ১০ জানুয়ারি ২০১৮ এর মধ্যে বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন করতে হবে। | সকল দপ্তর/সংস্থা/ বাজেট শাখা |
| (ছ) | মাননীয় প্রতিমন্ত্রী/উপমন্ত্রী এবং সচিব যখন বিদেশ সফর করবেন তখন সে দেশে অবস্থিত বাংলাদেশ মিশনের সাথে যোগাযোগপূর্বক সংশ্লিষ্ট দেশের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাথে দ্বি-পক্ষীয় সভা আয়োজনের বিষয়ে সভাপতি পরামর্শ প্রদান করেন এবং সভা হলে একটি প্রতিবেদন পেশের জন্য নির্দেশনা প্রদান করেন। বিদেশ ভ্রমণ বা অভ্যন্তরীণ প্রশিক্ষণ গ্রহণের পর সংশ্লিষ্ট কর্মকর্তা লব্ধ জ্ঞান সমন্বয় সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টশনের মাধ্যমে উপস্থাপন করবেন। | সংশ্লিষ্ট দেশের মিশনের সাথে যোগাযোগ করে দ্বি-পক্ষীয় সভা ও সভার রিপোর্ট করতে হবে। কর্মকর্তাগণ বিদেশ ভ্রমণ বা দেশে কোন প্রশিক্ষণ গ্রহণ করলে সমন্বয় সভায় পাওয়ার পয়েন্ট, প্রেজেন্টেশনের মাধ্যমে তা উপস্থাপন করতে হবে। | মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |
| (জ) | সভাপতি সভার নোটিশ এবং কার্যবিবরণী যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েব সাইটে এবং গ্রুপমেইলে প্রেরণ করার জন্য নির্দেশ দেন। | সভার নোটিশ, কার্যপত্র এবং কার্যবিবরণী গ্রুপ মেইল এবং ওয়েব সাইটে দিতে হবে। | |

৯। পরিশেষে সভাপতি দপ্তর/সংস্থার প্রধানদের দৃষ্টি আকর্ষণ করে সকল প্রতিবেদন যথাযথ তথ্য সহকারে প্রেরণ এবং বিভিন্ন প্রশিক্ষণ একাডেমির বিজ্ঞপ্তি অনুযায়ী কর্মকর্তাদের প্রশিক্ষণে প্রেরণের পরামর্শ প্রদান করেন। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী গঠনমূলক আলোচনা করায় সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৪/০১/২০১৮
(মো: আসাদুল ইসলাম)
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়